দৈনিক ইনকিলাব

তারিখ 25 JUN 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বিএনপি দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হলে সবার জন্য শিক্ষা নিশ্চিত হবে

**—অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী এম, সাইফুর রহমান বলেছেন, বিএনপি দ্বিতীয় মেয়াদের জন্য নির্বাচিত হলে এই দল ২০০০ সাল নাগাদ সবার জন্য মৌলিক শিক্ষা নিশ্চিত করবে। খবর ইউএনবি'র।

অর্থমন্ত্রী গতকাল মৌলভীবাজার জেলায় এম, সাইফুর রহমান কলেজ এবং জগতশী উচ্চ বিদ্যালয়ের নব নির্বাচিত ভবনসমূহ উদ্বোধনকালে একথা বলেন।

তিনি বলেন, শিক্ষা হচ্ছে উন্নয়নের একটি পূর্বশর্ত। পরিবার পরিকল্পনা, পয়ঃনিষ্কাশন,

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

**অর্থমন্ত্রী** প্রথম পৃষ্ঠার পর

অপুষ্টি দূরীকরণ ও অন্যান্য সামাজিক খাতের প্রকল্প বাস্তবায়নে শিক্ষা হচ্ছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষাই মানুষকে তার মৌলিক প্রয়োজন সম্পর্কে সচেতন করে।

তিনি বলেন, এ কারণে সরকার শিক্ষা খাতে বিশেষ করে মহিলা শিক্ষায় হাজার হাজার কোটি টাকা ব্যয় করছেন।

মৌলভীবাজার জেলা বিএনপি সভাপতি এডভোকেট আদুল খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে এম, এ, কুদ্দিব, ইউসুফ আলী, আবদুর নূর, আসিফ মোশাররফ ও মামুনুর রশীদ প্রমুখ স্থানীয় নেতা বক্তৃতা করেন।

এর আগে জেলা সরকারী কর্মকর্তাদের উদ্দেশে বক্তৃতায় অর্থমন্ত্রী সাইফুর রহমান সরকারের উন্নয়ন কর্মসূচীসমূহ সময়মত বাস্তবায়ন নিশ্চিত করতে তাদের প্রতি আহবান জানান। তিনি তাদের আশ্বাস দিয়ে বলেন, উন্নয়ন তহবিল অবমুক্ত করার ক্ষেত্রে সকল প্রতিবন্ধকতা দূর করা হবে।